



# বেসিক ব্যাংক লিমিটেড

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক

বসুন্ধরা শাখা, ঢাকা।

অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারার বিধান মোতাবেক।

## নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসিক ব্যাংক লিমিটেড, বসুন্ধরা শাখা, প্লট নং-১৩, ব্লক-এ, মেইন রোড, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা এর খেলাপী ঋণ গ্রহীতা (১) “মেসার্স স্পার্ক গ্রুপ” স্বত্বাধিকারী-এম. বদরুল ইসলাম, পিতা-এম. রোকন উদ্দিন, মাতা-খাদিজা বেগম, ঠিকানা-স্পার্ক কনজুমার প্রোডাক্ট, ৪র্থ তলা, ১৮১-১৮২, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। (২) এম. বদরুল ইসলাম, স্বত্বাধিকারী- “মেসার্স স্পার্ক গ্রুপ” পিতা-এম. রোকন উদ্দিন, মাতা-খাদিজা বেগম, স্থায়ী ঠিকানা-ফ্ল্যাট নং-এ-৫, বাসা নং-৯বি, রোড নং-০৬, গুলশান-১, ঢাকা-১২১২। বর্তমান ঠিকানা-ফ্ল্যাট নং-৮বি২ (৯ম তলা), আল বারাকা টাওয়ার, এলিফ্যান্ট রোড, ঢাকা। ব্যবসায়িক ঠিকানা-স্পার্ক কনজুমার প্রোডাক্ট, ৪র্থ তলা, ১৮১-১৮২, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। বেসিক ব্যাংক লিমিটেড, বসুন্ধরা শাখা, ঢাকা এর নিকট হইতে সিসি (হাইপোথেক) ঋণ ও টার্ম লোন সুবিধা গ্রহন করিয়াছেন। উক্ত ঋণের বিপরীতে এম. বদরুল ইসলাম স্বত্বাধিকারী ও বন্ধকদাতা হিসাবে তাহার মালিকানাধীন নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংকের নিকট বন্ধক রাখিয়াছেন। বারংবার তলব তাগাদা স্বত্বেও ঋণ গ্রহিতার নিকট ব্যাংকের পাওনা আদায় করা সম্ভব হয় নাই। বর্তমান হিসাব মতে (৩০/০৯/২০২৩ ইং তারিখ পর্যন্ত) ঋণ গ্রহিতার নিকট ব্যাংকের সুদ-আসল ও অন্যান্য খরচসহ ৩,৪৮,২৫,৬২৪.৩৫ (তিন কোটি আটচল্লিশ লক্ষ পঁচিশ হাজার ছয়শত চব্বিশ টাকা পঁয়ত্রিশ পয়সা) টাকা পাওনা রহিয়াছে। অর্থক্ষণ আদালত আইন-২০০৩ এর বিধান মোতাবেক উক্ত টাকা আদায়ের নিমিত্তে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে দরপত্রের মাধ্যমে নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য আগামী ০৮/১১/২০২৩ইং তারিখ বেলা ৩.০০ ঘটিকায় নিলামের জন্য ধার্য করা হইয়াছে। অগ্রহী নিলাম ক্রেতাদেরকে উল্লেখিত তারিখ ও সময় বেসিক ব্যাংক লিমিটেড, বসুন্ধরা শাখা, ঢাকাতে লিখিত দরপত্রের মাধ্যমে সরাসরি/ডাকযোগে নিলামে অংশ গ্রহন করার জন্য আহবান করা হইতেছে।

## শর্তসমূহ-

- ০১। প্রত্যেক দরপত্র অত্র বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) টেন্ডার মূল্য অংকে ও কথায় লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে “সম্পত্তি ক্রয়ের দরপত্র” লিখিয়া দাখিল করিতে হইবে।
- ০২। অগ্রহী প্রত্যেক দরপত্রদাতাকে দাখিলকৃত দরপত্রের সাথে জামানত স্বরূপ নিম্নোক্ত হারে বেসিক ব্যাংক লিমিটেড, বসুন্ধরা শাখা, ঢাকা’র অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করিতে হবে :
  - (ক) উদ্ধৃত দর অনুর্দ্ধ ১০.০০ লক্ষ টাকার ক্ষেত্রে উদ্ধৃত দরের-২০%;
  - (খ) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকার অধিক এবং অনুর্দ্ধ ৫০.০০ লক্ষ টাকার ক্ষেত্রে উদ্ধৃত দরের-১৫% ; এবং
  - (গ) উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক ক্ষেত্রে উদ্ধৃত দরের - ১০%।
- ০৩। অনুর্দ্ধ ১০.০০ লক্ষ টাকার উদ্ধৃত দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে, ১০.০০ লক্ষ টাকা অপেক্ষা অধিক ও অনুর্দ্ধ ৫০.০০ লক্ষ টাকার দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৬০(ষাট) দিনের মধ্যে এবং ৫০.০০ লক্ষ টাকা অপেক্ষা অধিক দরপত্র গৃহীত হওয়ার ৯০ (নব্বই) দিনের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করবেন, ব্যর্থতায় সমুদয় জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।
- ০৪। দরপত্র নির্ধারিত জামানতসহ ০৮/১১/২০২৩ ইং তারিখ ০৩.০০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক লিমিটেড, বসুন্ধরা শাখা, ঢাকায় রক্ষিত ব্যাল্ডে দাখিল করিতে হবে এবং উক্ত তারিখ বিকাল ০৩.১৫ ঘটিকায় দরপত্র কমিটি কর্তৃক দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে।
- ০৫। দরপত্র গৃহীত হবার ১০ (দশ) দিন পর লিখিত আবেদন পত্রের ভিত্তিতে অসফল দরপত্র দাতার জামানত ফেরৎ দেয়া হবে।
- ০৬। কম জামানত প্রদানকারী /ক্রটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৭। দরপত্রে সম্পত্তির মূল্য অস্বাভাবিক কম বা অন্য কোন কারণে গ্রহনযোগ্য না হলে ব্যাংক তা গ্রহনে বাধ্য থাকবে না।
- ০৮। দরপত্রদাতাকে তফসিলভুক্ত জমি ও প্রযোজ্য ক্ষেত্রে তদস্থিত ভবন ও অস্থাবর সম্পত্তির জন্য পৃথক পৃথক ভাবে দরপত্র দাখিল করিতে হবে। তবে যে কোনটির আংশিক দরপত্র গ্রহনযোগ্য হবে না।
- ০৯। সরোচ্চ দরপত্রদাতা/গৃহীত দরপত্রের শতনুযায়ী অর্থ পরিশোধে ব্যর্থ হলে অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৩) ধারা মোতাবেক পরবর্তী দরপত্রদাতার দরপত্র গ্রহনযোগ্য হলে কর্তৃপক্ষ তা বিবেচনা করতে পারবেন।
- ১০। সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও ক্রয়কৃত সম্পত্তির ট্যাক্সসহ অন্যান্য যাবতীয় খরচ ক্রেতাকে বহন করিতে হবে।
- ১১। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ১২। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনকারী ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য (বন্ধকীকৃত সম্পত্তি) জানার জন্য নিলাম অনুষ্ঠানের পূর্বে অফিস চলাকালীন সময়ে যেকোন দিন বেসিক ব্যাংক লিমিটেড, বসুন্ধরা শাখা, ঢাকায় যোগাযোগ করতঃ সরজমিনে সম্পত্তিস্থল পরিদর্শন করতে পারিবেন।

## বন্ধকী সম্পত্তির তফসিল পরিচয়

**ক-তফসিলঃ** জেলা-ঢাকা, থানা-সাবেক ধানমন্ডি, হালে নিউ মার্কেট ও সাব-রেজিস্ট্রি অফিস-তেজগাঁও অধীন ঢাকা কালেক্টরীর তৌজিভুক্ত ধানমন্ডি মৌজাস্থিত সি.এস. খতিয়ান নং-২৪১, ২৭০, সি.এস. দাগ নং-৭৪৫, ৭৪৬, ৭৪৭, ৭৪৮, ৭৪৮/৭৮৫, ৭৪৮/৭৮৮, এস.এ. খতিয়ান নং-৯৩৪, এস.এ. দাগ নং-২৪৩৪, ২৪৩৫, ২৪৩৪/২৪৮৯, ২৪৩৪/২৫৮৯, আর.এস. খতিয়ান নং-২৮৪, আর.এস. দাগ নং-৫৬৭৩, ৫৬৭৪, সিটি জরিপ খতিয়ান নং-১০৫৩, দাগ নং-৮৪৮০, সম্পত্তির পরিমাণ ৫০১০ অযুতাংশ এবং তদউপর নির্মিত ১৬-তলা বিশিষ্ট বহুতল ভবনের ৯ম তলার উত্তর পার্শ্বের ১৮৬৩ বর্গফুট পরিমিত ফ্ল্যাট নং ৮/বি-২ এবং অবিভক্ত, অচিহ্নত ৩৬ অযুতাংশ ভূমি ও একটি কার পার্কিং স্পেসসহ এজমালী যৎযাবতীয় সুবিধাদিই তফসিল বর্ণিত সম্পত্তি বটে, যাহার নামজারী খতিয়ান নং-৭৯৪৩, কেইস নং-১০৫০/২০১২, তাং ১৪/০৬/২০১২ইং এবং জোত নং-২১৪২/১২ এবং যাহার ডিসিসি হোল্ডিং নং-২৫২, এলিফ্যান্ট রোড, নিউ মার্কেট, ঢাকা।

**খ-তফসিলঃ** জেলা-ঢাকা, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস-আশুলিয়া অধীন ঢাকা কালেক্টরীর তৌজিভুক্ত শিমুলিয়া ইউনিয়নের অর্ন্তগত এস.এ.-৫২৩, আর.এস.-৩৮নং টেকুরী মৌজাস্থিত সি.এস. খতিয়ান নং-১৭, এস.এ. খতিয়ান নং-৩৪, সি.এস. ও এস.এ. দাগ নং-৮৭/১০৬, আর.এস. খতিয়ান নং-২১, আর.এস. দাগ নং-৫৮, সম্পত্তির পরিমাণ-৭ (সাত) শতক সাইল জমি যাহার শিমুলিয়া ভূমি অফিসের আর.এস. নামজারী খতিয়ান নং-৮৩৭, কেইস নং-১৮১৮৮/২০১২-২০১৩ তারিখ ৩০-১২-২০১২ইং এবং জোত নং-৮৩৬, যাহার চৌহদ্দিঃ উত্তরে-প্রস্তাবিত রাস্তা, দক্ষিণে-বিকেএসপি, পূর্বে-শাহিদুজ্জামান এবং পশ্চিমে রায়হান।

সহকারী মহাব্যবস্থাপক ও শাখা প্রধান  
বসুন্ধরা শাখা, ঢাকা।

দৈনিক সমকাল

প্রকাশ- ১২/১০/২০২৩ইং